

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
আইন-২ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.০৪.০০১.১৯.৩৭

তারিখ: ২৩ ভাদ্র ১৪২৭

০৭ সেপ্টেম্বর ২০২০

বিষয়: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের বেসরকারি আইনজীবী/প্যানেল এ্যাডভোকেট নিয়োগের ক্ষেত্রে আইন ও বিচার বিভাগের অনাপত্তি গ্রহণ প্রসংগে।

সূত্র: মাউশির পত্র নং ৩৭.০২.০০০০.১০১.২৭.০০৫.১৯.১৩৬২৬/২ তারিখ: ২৪/০৮/২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পক্ষে-বিপক্ষে বিভিন্ন আদালতে আনুমানিক ০৩ (তিন) হাজার মামলা বিচারাধীন রয়েছে। এছাড়া প্রতিনিয়ত মামলা রুজুকরা হচ্ছে। বর্ণিত মামলাসমূহ পরিচালনার ক্ষেত্রে এবং অতি গুরুত্বপূর্ণ মামলাসমূহের হালনাগাদ তথ্যাদি মহামান্য হাইকোর্ট বিভাগসহ বিভিন্ন আদালত থেকে সংগ্রহ করার জন্য এবং প্রয়োজ্য ক্ষেত্রে সরকার পক্ষে আদালতে মামলা পরিচালনার জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের তত্ত্বাবধানে কোন নিয়োগপ্রাপ্ত আইনজীবী/প্যানেল এ্যাডভোকেট নেই। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পক্ষে সলিসিটর উইং মামলা পরিচালনা করে থাকে বিধায় অনেক সময় মামলা সংক্রান্ত গুরুত্বপূর্ণ বিষয় যথাসময়ে এ অধিদপ্তরের দৃষ্টিগোচর হয় না। তাই সরকারের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়সমূহ সংরক্ষণের লক্ষে এ অধিদপ্তরের বিরুদ্ধে দায়েরকৃত গুরুত্বপূর্ণ মামলাসমূহ পরিচালনার জন্য অস্থায়ী ভিত্তিতে বেসরকারি আইনজীবী নিয়োগের বিষয়ে মাননীয় শিক্ষামন্ত্রী নীতিগতভাবে অনুমোদন দিয়েছেন। বেসরকারি আইনজীবী নিয়োগে মন্ত্রিপরিষদ বিভাগের ১৯/৯/২০০৪ তারিখের স্মারক নং-মপবি/মসশা-মসবৈ-২৭(৮)/২০০৪/৬০২(২) মোতাবেক আইন ও বিচার বিভাগের অনাপত্তি গ্রহণের জন্য সদয় নির্দেশনা রয়েছে।

০২। উল্লেখ্য, ২০২০-২০২১ অর্থ বছরের বাজেটে বেসরকারি আইনজীবী/প্যানেল এ্যাডভোকেটদের বেতন-ভাতাদি প্রদানের বরাদ্দ রয়েছে মর্মে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পক্ষে উল্লেখ রয়েছে। বেসরকারি আইনজীবী নিয়োগের সম্মতি পাওয়া গেলে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করে উক্ত খাত হতে ব্যয় নির্বাহ করা যাবে।

০৩। এমতাবস্থায়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের তত্ত্বাবধানে ৫ (পাঁচ) জন বেসরকারি আইনজীবী নিয়োগ প্রদানের সদয় সম্মতি প্রদানের জন্য নির্দেশক্রমে বিনীত অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মতে।

৭-৯-২০২০

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব

সচিব (ভারপ্রাপ্ত)  
আইন ও বিচার বিভাগ

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.০৪.০০১.১৯.৩৭/১(৪)

তারিখ: ২৩ ভাদ্র ১৪২৭  
০৭ সেপ্টেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
- ৩) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



৭-৯-২০২০  
মোঃ সেলিম সিকদার  
সহকারী সচিব